

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৪৮৭

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মসজিদে প্রবেশকারী ব্যক্তির দুই রাকাত সালাত আদায় করার নির্দেশ

ذَكَرُ الْأَمْرِ لِلدَّخْلِ الْمَسْجِدِ أَنْ يَرْكَعَ رَكَعَتَيْنِ

আরবী

2487 - أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ صَالِحِ بْنِ ذَرِيحٍ - بِعُكْبَرَا - أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ جَوَّاسِ الْحَنْفِيُّ حَدَّثَنَا الْأَشْجَعِيُّ عَنْ سُفْيَانَ عَنْ مُحَارِبِ بْنِ دِثَارٍ عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ قَالَ: كَانَ لِي دَيْنٌ عَلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَضَانِي وَزَادَنِي فَدَخَلْتُ عَلَيْهِ الْمَسْجِدَ فَقَالَ لِي: (صَلِّ رَكَعَتَيْنِ)

الراوي : جَابِرُ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 2487 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

২৪৮৭. জাবির বিন আব্দুল্লাহ রাহিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে আমার কিছু পাওনা ছিল। অতঃপর তিনি তা পরিশোধ করেন এবং আমাকে একটু বেশি দেন। অতঃপর আমি তাঁর কাছে মসজিদে প্রবেশ করি, তখন তিনি আমাকে বলেন, “দুই রাকাত সালাত আদায় করে নাও।”[1]

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ৭১৫; সহীহ আল বুখারী: ৪৪৩; নাসাই আল কুবরা: ২/২৬৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাল্লাহু মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাল্লাহু হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ২৪৮৭)

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=91813>

🔗 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন